দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

স্মারক নম্বর ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২৪.৪০৫৭৯ www.prebd.com

তারিখ: ২২ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ অস্থায়ীভিত্তিতে পূরণের জন্য পদের নামের পার্শ্বে উল্লিখিত জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (Online) আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | কনস্টেবল | জাতীয় বেতনক্রম: ৯,০০০-২১,৮০০/- (গ্রেড-১৭) | ৯১ | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট |
| ২ | অফিস সহায়ক | জাতীয় বেতনক্রম: ৮২৫০ -২০,০১০/- (গ্রেড-২০) | ১০ | অষ্টম শ্রেণী উত্তীর্ণ |
| | | মোট= | ১০১ | |

**অনলাইনে (online) আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি দুর্নীতি দমন কমিশনের www.acc.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

২। **একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;**

৩। **আবেদনকারীর বয়স ০১ আগস্ট, ২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩২ বৎসর হতে হবে;**

৪। অনলাইনে আবেদন করার সময় বিভাগীয় প্রার্থী কর্তৃক Departmental Candidate-এর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই আবেদনপত্র পূরণ করতে হবে। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে এবং অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে সরকার এবং কমিশনের বিদ্যমান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৬। ক্রমিক নং ১ ও ২-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) **মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** আবেদনের নিয়মাবলি অনুসরণ করে শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে;

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

১০। এসএসসি ও সমমান, এইচএসসি ও সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

১১। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে। নিয়োগ পরীক্ষায় (লিখিত ও মৌখিক) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি:

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://acc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ১৩ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**